ताश्ला द्वितिष्ठत

নজরুল বিশ্ববিদ্যালয়ে উইমেন পিস ক্যাফের কমিটি গঠন ও বৃত্তি প্রদান

জাককানইবি প্রতিনিধি

প্রকাশিত: ২০:১৩, জুলাই ২৪, ২০১৯ | সর্বশেষ আপডেট: ২০:১৬, জুলাই ২৪, ২০১৯

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের (জাককানইবি) নারী শিক্ষার্থীদের সংগঠন 'উইমেন পিস ক্যাফে'র নতুন কমিটি গঠন ও বৃত্তি প্রদান করা হয়েছে।



২৪ জুলাই (বুধবার) বেলা সাড়ে চারটায় উপাচার্যের অফিস কক্ষে বৃত্তি প্রদান শেষে উপাচার্য

প্রফেসর ড. এ এইচ এম মোস্তাফিজুর রহমান আগামী এক বছরের জন্যে ১৩ সদস্যের একটি কমিটি ঘোষণা করেন।

ইউএন উইম্যান এর অর্থায়নে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিস
(সিপিজে) এর তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ে ১৫৮ জন শিক্ষার্থীর নারী উদ্যোক্তা বিষয়ক
প্রশিক্ষণের পর শ্রেষ্ঠ বিজনেস আইডিয়া প্রদানকারী দুইটি দলকে এই বৃত্তি প্রদান করা হয়।
উইমেন পিস ক্যাফের চিফ মেন্টর প্রভাষক অলি উল্লাহ্রে সঞ্চালনায় এসময় আরও
উপস্থিত ছিলেন জাককানইবি, উইমেন পিস ক্যাফের মেন্টর সাকার মুস্তাফা, ফারজানা নাজ
স্বর্ণ প্রভা, রাফিয়া রহমান, মাহবুবুর রহমানসহ আরও অনেকে।

কমিটিতে সভাপতি পদে মাহমুদা স্বর্ণা, সহ-সভাপতি হিসেবে ফাইজা ওমর তূর্না, সাধারণ সম্পাদক জেসমিন আক্তার জুই, সহ-সম্পাদক পদে মাশকাতুল জান্নাত, কোষাধ্যক্ষ হিসেবে নুসরাত জাহান নিয়োগ পান। এছাড়াও সেজুতি ধর, জেসমিন খাতুন, জাকিয়া সুলতানা, মুক্তা, হুমায়রা হাফিজ, সানজিদা বিনতে, ইরা ও মালতী রাণী কার্যনির্বাহী সদস্য হিসেবে কমিটিতে রয়েছেন।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এ এইচ এম মোস্তাফিজুর রহমান বলেন, 'উইমেন পিস ক্যাফে নারীর ক্ষমতায়ন, নারীদের উদ্ভাবনী চিন্তার প্রয়োগ-বাস্তবায়ন এবং নারী উদ্যোক্তা তৈরিতে একটি সৃষ্টিশীল প্ল্যাটফর্মের কাজ করবে। আর সব ধরনের ভালো উদ্যোগে তাদের পাশে থাকবে বিশ্ববিদ্যালয় প্রশাসন।'